114

দৈনিক জনকণ্ঠ

APR 24 1999
তারিখ
পৃঃ ৮ কলাম ৫

# শোন বন্ধুরা!

## বিশ্ব বই দিবসের এক অনন্য অনুষ্ঠান

স্টাফ রিপোর্টার ॥ পাঁচ বছরের ছোট্ট রাব্বি এতই ছোট যে, মাইক্রোফোনের নাগাল পাচ্ছিল না কোন মতেই। গল্প বলার আসরে ঘর ভর্তি অত লোকের সামনে দাঁড়িয়ে এতটুকু ঘাবড়ালো না সে। 'শোন বন্ধুরা' বলে বেশ সাবলীলভাবেই শুরু করল রাব্বি তার গল্প। খরগোশ আর কচ্ছপের মধ্যে দৌড় প্রতিযোগিতা। দৌড়ে খরগোশ এগিয়ে ছিল অনেকখানি, কচ্ছপ পড়ে ছিল অনেক পিছনে। পথের মাঝে একটু জিরিয়ে নিতে গিয়ে ঘুমিয়ে পড়ল খরগোশ। আর কচ্ছপ একটুও না থেমে, একদমও না জিরিয়ে জিতে গেল দৌড়ে। 'বিশ্ব বই দিবস' রাব্বি শুক্রবার এই গল্প শোনাচ্ছিল ব্রিটিশ কাউন্সিল লাইব্রেরিতে এক গল্প বলার আসরে। তার মতো আরও ৭০/৮০ ছেলেমেয়ে সেখানে এসেছিল গল্প শুনতে, গল্প শোনাতে, বই পড়তে আর ছবি আঁকার প্রতিযোগিতায় অংশ নিতে। এসব সুবিধা বঞ্চিত শিশু এসেছে সমাজের শ্রমজীবী ও নিম্নআয়ের পরিবার থেকে, এরা পড়ে এনজিও পরিচালিত বিভিন্ন স্কুলে। গতকাল কয়েক ঘণ্টার জন্য চমৎকার চমৎকার সব গল্প বলে, বই পড়ে, ছবি এঁকে এরা মাতিয়ে রেখেছিল ব্রিটিশ কাউন্সিল লাইব্রেরি। 'বিশ্ব বই দিবস' ছিল কাল, একই সঙ্গে বিশ্বনন্দিত ব্রিটিশ নাট্যকার ও কবি শেক্সপীয়রের জন্মদিন। ব্রিটিশ কাউন্সিল লাইব্রেরি এ জন্য গতকাল সারা দিন চমৎকার এবং ব্যতিক্রমধর্মী সব অনুষ্ঠানের আয়োজন করেছিল। বিশ্ব বই দিবস উদ্‌যাপিত হয় শিশুদের মধ্যে এই পড়ার অভ্যাস গড়ে তোলা এবং বই পড়ার ব্যাপারটাকে আরও উপভোগ্য এবং আনন্দময় করে তোলার জন্য। ব্রিটিশ কাউন্সিলের সহকারী পরিচালক মাহমুদ নোমান দিনের অনুষ্ঠানমালার উদ্বোধন করতে গিয়ে বললেন, তাঁদের সমস্ত আয়োজনের লক্ষ্যও তাই, বই পড়ার চর্চাকে উৎসাহিত করা।

ব্রিটিশ কাউন্সিল লাইব্রেরিতে সকালের পর্বে বই পড়া, গল্প বলা এবং ছবি আঁকার প্রতিযোগিতায় অংশ নেয় ব্র্যাক, কনসার্ন, এফআইভিডিবি, প্রশিকা এবং সুরভি পরিচালিত বিভিন্ন স্কুলের শিশুরা। গল্প বলার প্রতিযোগিতা শুরু হওয়ার আগে চমৎকার ভঙ্গিতে গল্প শোনানোর কায়দাকানুন শিখিয়ে দিলেন ফাহমিদা মজিদ। প্রতিযোগিতায় যারা বিজয়ী হলো, তাদের মধ্যে পুরস্কার বিতরণ করলেন মাহমুদ নোমান। টিভি তারকা বিপাশা হায়াত এবং চিত্রশিল্পী হাশেম খান সকালের পর্বে হাজির হয়েছিলেন শিশুদের সঙ্গে বেশ খানিকক্ষণ অন্তরঙ্গ সময় কাটাতে।

বই দিবসের বিকালের পর্বের অনুষ্ঠানও ছিল একই রকম, তবে অংশগ্রহণকারীরা ছিল ঢাকার নামী সব ইংরেজী মাধ্যম স্কুলের ছেলেমেয়েরা। এরা ব্রিটিশ কাউন্সিলের ইয়াং লার্নারস সেন্টারের সদস্য, ব্রিটিশ কাউন্সিল লাইব্রেরি তাদের পরিচিত অঙ্গন। কাজেই এদের অংশগ্রহণ আর উপস্থাপনা ছিল আরও বেশি স্বতঃস্ফূর্ত এবং সাবলীল। ব্রিটিশ কাউন্সিল বই দিবসের অনুষ্ঠানমালার আয়োজন করে 'বুক ওয়ার্ম' নামে একটি বই বিক্রেতা প্রতিষ্ঠানের সহযোগিতায়। প্রতিষ্ঠানটি গতকাল ব্রিটিশ কাউন্সিল লাইব্রেরিতে এ জন্য বিশেষ কমিশনে বই বিক্রির ব্যবস্থা রেখেছিল।

শেক্সপীয়রের জন্মদিবস পালনের জন্য ব্রিটিশ কাউন্সিল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের সঙ্গে যৌথ উদ্যোগে পৃথক অনুষ্ঠানমালার আয়োজন করে।